# ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর
গাজীপুর-১৭০৭

'শিক্ষা নিয়ে গড়ব দেশ শেখ হাসিনার বাংলাদেশ'

স্মারক নং- ঢাপ্রপ্রবি/শিঃশাঃ/পোঃগ্র্যাঃ/ফি/ভর্তি/কোঃরেঃ/৪২/২০০৪/৭৭৭ তারিখ ঃ ১৮/০৩/২০২১ খ্রিঃ।

## বিশ্ববিদ্যালয়ের পোস্টগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তি সংক্রান্ত সংশোধিত বিজ্ঞপ্তি

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর এর ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে নিম্নবর্ণিত প্রোগ্রামে পূর্ণকালীন/খন্ডকালীন শিক্ষার্থী ভর্তির জন্য নিম্নবর্ণিত শর্তপূরণ সাপেক্ষে আগ্রহী প্রার্থীদের নিকট হইতে আগামী ০১/০৩/২০২১ খ্রিঃ তারিখ সোমবার হইতে নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত আহবান করা যাইতেছে।

| ক্রমিক নং | বিভাগ ও ইনস্টিটিউট এর নাম | প্রোগ্রামের নাম |
|---|---|---|
| ১ | সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ | এম ইঞ্জিনিয়ারিং, এমএসসি ইঞ্জিনিয়ারিং, পিএইচ ডি |
| ২ | ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ | এম ইঞ্জিনিয়ারিং, এমএসসি ইঞ্জিনিয়ারিং, পিএইচ ডি |
| ৩ | মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ | এম ইঞ্জিনিয়ারিং, এমএসসি ইঞ্জিনিয়ারিং, পিএইচ ডি |
| ৪ | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ | এম ইঞ্জিনিয়ারিং, এমএসসি ইঞ্জিনিয়ারিং, পিএইচ ডি |
| ৫ | টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগ | এম ইঞ্জিনিয়ারিং, এমএসসি ইঞ্জিনিয়ারিং |
| ৬ | রসায়ন বিভাগ | এমএসসি, এম ফিল, পিএইচ ডি |
| ৭ | গণিত বিভাগ | এমএসসি, এম ফিল, পিএইচ ডি |
| ৮ | পদার্থবিজ্ঞান বিভাগ | এমএসসি, এম ফিল, পিএইচ ডি |
| ৯ | ইনস্টিটিউট অব ওয়াটার এন্ড এনভায়রনমেন্ট | পিজিডি, এমএসসি ইন ওয়াটার এন্ড এনভায়রনমেন্টাল ম্যানেজমেন্ট, মাস্টার ইন ওয়াটার এন্ড এনভায়রনমেন্টাল ম্যানেজমেন্ট |
| ১০ | ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি | পিজিডি, এম ইঞ্জিনিয়ারিং, এমএসসি ইঞ্জিনিয়ারিং |
| ১১ | ইনস্টিটিউট অব এনার্জি ইঞ্জিনিয়ারিং | পিজিডি, এম ইঞ্জিনিয়ারিং, এমএসসি ইঞ্জিনিয়ারিং |

শর্তাবলী ঃ-

১। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য প্রসপেক্টাসে পাওয়া যাইবে। প্রসপেক্টাস, ভর্তির যোগ্যতা যাচাই (ইকুইভ্যালেন্স) এর আবেদন ফরম এবং ভর্তির আবেদন ফরম (অন্যান্য সংশ্লিষ্ট ফরম) বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট **www.duet.ac.bd** -এ পাওয়া যাইবে।

২। চাকরিরত প্রার্থী নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে অনুমতিসহ খন্ডকালীন/পূর্ণকালীন শিক্ষার্থী হিসেবে ভর্তির জন্য আবেদন করিতে পারিবে।

৩। পূর্ণকালীন শিক্ষার্থীদের মধ্যে মেধার ভিত্তিতে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুযায়ী ফেলোশীপ/টিচিং/রিসার্চ এ্যাসিস্টেন্টশীপ দেওয়া যাইতে পারে।

৪। দেশের সকল প্রাইভেট বিশ্ববিদ্যালয় এবং বিদেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান হইতে ডিগ্রীধারীদের সংশ্লিষ্ট বিভাগে ভর্তির নিমিত্ত আবেদন করার যোগ্যতা যাচাই (ইকুইভ্যালেন্স) এর জন্য নির্ধারিত আবেদন ফরম কম্পিউটারে পুরণপূর্বক ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অফিসে জমা দিতে হইবে। আবেদন ফরমের সাথে "ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর" এর শিরোনামে অগ্রণী ব্যাংক লিঃ, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর এর **অনুকুলে ১,৫০০/- (এক হাজার পাঁচশত মাত্র)** টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট, সকল পরীক্ষার সনদপত্র ও ট্রান্সক্রিপ্ট/মার্কসীট এর সত্যায়িত ফটোকপি এবং সিলেবাস/কারিকুলাম এর মূল কপি অথবা ফটোকপি ও সিলেবাস/কারিকুলামের ওয়েব সাইট লিংক জমা দিতে হইবে। শুধুমাত্র যোগ্য প্রার্থীরা নির্ধারিত তারিখের মধ্যে যথাযথ নিয়মে ভর্তির আবেদন করিতে পারিবে।

৫। নির্ধারিত **ভর্তির আবেদন ফরম** কম্পিউটারে পুরণপূর্বক অফসেট কাগজে প্রিন্ট করিয়া সরাসরি বা ডাকযোগে একাডেমিক শাখায় জমা দেওয়া যাইবে। আবেদন ফরমের সাথে "ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর" এর শিরোনামে অগ্রণী ব্যাংক লিঃ, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর এর **অনুকুলে ১,২০০/- (এক হাজার দুইশত)** টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সত্যায়িত ছবিসহ সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও ট্রান্সক্রিপ্ট/মার্কশীট ও চারিত্রিক সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে।

৬। ভর্তি সংক্রান্ত সময়সূচীঃ

| | | |
|---|---|---|
| ক. | ভর্তির আবেদন ফরম জমাদানের শুরু ও শেষ তারিখ | ০১/০৩/২০২১ খ্রিঃ হইতে ২৫/০৫/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত (সকাল ৮:০০ ঘটিকা হইতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত) |
| খ. | ভর্তির নিমিত্ত আবেদন করার যোগ্যতা যাচাই (ইকুইভ্যালেন্স) এর আবেদনপত্র জমাদানের শুরু ও শেষ তারিখ | ০১/০৩/২০২১ খ্রিঃ হইতে ২০/০৪/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত (সকাল ৮:০০ ঘটিকা হইতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত) |
| গ. | ভর্তির নিমিত্ত আবেদন করার যোগ্যতা যাচাই (ইকুইভ্যালেন্স) এর ফলাফল বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের তারিখ | ০৪/০৫/২০২১ খ্রিঃ তারিখ |
| ঘ. | প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের তালিকা ও ভর্তি পরীক্ষার তারিখ বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ | ১৭/০৬/২০২১ খ্রিঃ তারিখ |
| ঙ. | ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ (বিস্তারিত পরীক্ষার সময়সূচী প্রসপেক্টাসে পাওয়া যাইবে) | পরবর্তিতে জানানো হইবে |
| চ. | ক্লাশ শুরুর সম্ভাব্য তারিখ | পরবর্তিতে জানানো হইবে |

৭। শুধুমাত্র ডুয়েটের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের সমাপনী বর্ষের (৪র্থ বর্ষ ২য় সেমিস্টার) শিক্ষার্থীরা সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অনুমতি গ্রহণপূর্বক পোস্টগ্র্যাজুয়েট প্রোগ্রামে আবেদন করিতে পারিবে।

৮। ভর্তির নিমিত্তে চূড়ান্তভাবে মনোনয়নের জন্য প্রার্থীকে সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট-এ মৌখিক/লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে। এই সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট হইতে সংগ্রহ করিতে হইবে।

৯। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলিয়া গণ্য হইবে।

18.03.2021

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
ফোন ঃ ৪৯২৭৪০০৩ (অফিস)
তারিখ ঃ ১৮/০৩/২০২১ খ্রিঃ।

স্মারক নং- ঢাপ্রপ্রবি/শিঃশাঃ/পোঃগ্র্যাঃ/ফি/ভর্তি/কোঃরেঃ/ ৪২/২০০৪/ ৭৭৭ (৩০)

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হইল ঃ-**

১। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সকল-ডিন/বিভাগীয় প্রধান/পরিচালক/অফিস প্রধান।
৩। রেজিস্ট্রার ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...সকল বিশ্ববিদ্যালয়।
৪। পরিচালক, কম্পিউটার সেন্টার (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হইল)।
৫। চেয়ারম্যান, আইসিটি সেল।
৬। ডেপুটি রেজিস্ট্রার, সংস্থাপন/কাউন্সিল শাখা।
৭। পাবলিকেশন কাম ইনফরমেশন অফিসার।
৮। বিজ্ঞাপন ম্যানেজার- দৈনিক সমকাল/দৈনিক ইত্তেফাক/দি ডেইলি অবজারভার।
৯। সকল নোটিশ বোর্ড, বিশ্ববিদ্যালয় ও হলসমূহ।
১০। সংরক্ষণ নথি।

১৮/৩/২১

(মোঃ মনিরুজ্জামান)
ডেপুটি রেজিস্ট্রার
একাডেমিক শাখা